

আন্তর্জাতিক পরিবার দিবস উপলক্ষে
জাতিসংঘ মহাসচিব বান কি-মুনের বাণী
১৫ মে ২০০৮

‘ পিতা এবং পরিবার : দায়িত্ব ও চ্যালেঞ্জ’ (Fathers and Families: Responsibilities and Challenges) আন্তর্জাতিক পরিবার দিবসের এ বছরের প্রতিপাদ্যটির তাৎপর্য হল সারা বিশ্বের পরিবারে ও শিশুদের সমগ্র জীবনে পিতা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা তুলে ধরা।

প্রথাগতভাবে অনেক সমাজে বাবা হলেন নৈতিক শিক্ষক, কঠোর শাসক এবং উপার্জনক্ষম ব্যক্তি। অনেক দেশে বর্তমানে ক্রমাগতভাবে আবেগিক ও বাস্তবিক দৃষ্টিকোন থেকে বাড়ন্ত শিশুর জন্য সহ-অভিভাবক হিসেবে বাবার সম্পূর্ণরূপে নিয়োজিত হওয়ার ওপর বেশি গুরুত্বারোপ করা হচ্ছে। সাম্প্রতিক গবেষণা থেকে শিশুদের উন্নয়নে পিতার কার্যকরী ভূমিকার ইতিবাচক প্রভাবের বিষয়ে নিশ্চিত হওয়া যায়।

তবে বাবা, সমাজ এবং সামাজিক নীতিকে এখনও অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। অনেক পিতাই, বাবা হিসেবে তাদের দায়িত্ব সহজে পালন করতে পারেন না। ফলে পরিবারে এবং সর্বপরী সমাজে এর নেতিবাচক প্রভাব পড়ে। কিছু বাবা পারিবারিক সহিংসতা, যৌন নিপীড়ণ, পারিবারিক বিপর্যয় এবং শিশুদের জন্য মারাত্মক শারীরিক ও মানসিক ক্ষতি সাধন করেন। অনেকে আবার সরাসরি পরিবারকে পরিত্যাগ করেন এবং যথাযথ সহায়তা প্রদানে ব্যর্থ হন। গবেষকগণ অব্যাহতভাবে বাবার উপস্থিতি ও অনুপস্থিতি কিভাবে শিশুর জীবনে বিশেষ করে বিদ্যালয়ে তার অর্জন এবং অপরাধের সাথে জড়িত হওয়ার ওপর প্রভাব ফেলে তা গবেষণার মাধ্যমে তুলে ধরছেন।

আন্তর্জাতিক পরিমন্ডলে অভিবাসন অনেক বাবাকে প্রায়ই তাদের পরিবার থেকে বিচ্ছিন্ন থাকতে বাধ্য করে। অনেক অভিবাসিত পিতা তাদের গন্তব্যে পিতৃত্বের অনমণীয় ধারণার সম্মুখীন হন যা তাদের স্বদেশের ধারণা থেকে ভিন্ন এবং তাদের সন্তান যারা পিতা ছাড়া একটি নতুন সমাজে বেড়ে ওঠে তারও এটা প্রত্যক্ষান করতে পারে। সারা বিশ্বে এইচআইভি/ এইডস সংকট পিতাদের চ্যালেঞ্জের সম্মুখীন করেছে। কেননা এতে যৌন ক্রিয়ার দায়দায়িত্বে পিতার গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়টি স্পষ্ট হয়ে উঠেছে। ভাইরাস আক্রান্ত পুরুষরা বাবা হলে তাদের সন্তানরা একসময় অনাথ হয়ে পড়ে তাই এ সংকট পুরুষদের জন্য চ্যালেঞ্জ সৃষ্টি করেছে।

এইসব সংকট পরিবারে বাবার নেতিবাচক ভূমিকার গভীর ও শ্বাশত প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরেছে। যেহেতু পিতৃত্ব সম্পর্কে আমাদের ধারণা উন্নত হচ্ছে তাই পুরুষদের জন্য তাদের কল্পনাশক্তির পুনঃনিরীক্ষণের মাধ্যমে পিতা হওয়ার প্রকৃত তাৎপর্য কি তা খুঁজে বের করার এবং নিজ সম্প্রদায়ে ভিন্ন কিছু করে দেখানোর এটা একটা সুযোগ। আজকের আন্তর্জাতিক পরিবার দিবসে আমি বাবাদেরকে তাদের পরিবারকে শ্রদ্ধা করতে এবং পরিবারে পিতা যে গুরুত্বপূর্ণ অবদান রাখেন সেজন্য বাবাকে শ্রদ্ধা করতে পরিবারকে আহ্বান জানাই। এবং সেই সাথে আহ্বান জানাই আসুন আমরা সবাই এমন সামাজিক পরিবেশ গড়ে তোলার অঙ্গিকার করি যা পিতৃত্বের একটি টেকসই ইতিবাচক দৃষ্টিভঙ্গি তৈরিতে উৎসাহিত করবে।

* * * *